

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৫.১৪-২৭

তারিখ: ০৬ মাঘ ১৪২২
১৯ জানুয়ারি ২০১৬

বিষয়: রেকর্ড রুমে সংরক্ষিত গুরুত্বপূর্ণ নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ এবং আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণ সংক্রান্ত।

সূত্র: সভাপতি, বাংলাদেশ আরকাইভস্ এন্ড রেকর্ডস ম্যানেজমেন্ট সোসাইটি (বারম্‌স)-এর ১৭.০১.২০১৬ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে সভাপতি, বাংলাদেশ আরকাইভস্ এন্ড রেকর্ডস ম্যানেজমেন্ট সোসাইটি (বারম্‌স) কর্তৃক মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর লিখিত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল। পত্রে উল্লেখ করা হয়েছে যে আজকের নথি বা দলিলপত্র আগামী দিনের ইতিহাসের একটি বড় উপাদান। এই সকল নথি বা দলিলপত্র সমসাময়িক রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অবস্থার প্রতিচ্ছবি হিসাবে গণ্য করা হয়ে থাকে। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের রেকর্ড রুমে সংরক্ষিত এইসব গুরুত্বপূর্ণ দলিলপত্র প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা না থাকা ও রক্ষণাবেক্ষণে যথাযথ মনোযোগের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। তবে, বারম্‌স-এর সক্রিয় উদ্যোগে রেকর্ড রুমের উন্নয়ন, সংস্কার এবং রেকর্ড সংরক্ষণের জন্য ৩-০৭৪২-০০০১-৪৯৩১ নামে সরকার একটি অর্থনৈতিক কোড চালু করেছে এবং জেলা প্রশাসকের অনুকূলে ২০১৫-২০১৬ অর্থ-বছরের বাজেটে উক্ত খাতে ৩.২০ কোটি টাকার বরাদ্দ রাখা হয়েছে। এজন্য, তাঁর দপ্তরের রেকর্ড রুমের উন্নয়ন, সংস্কার ও নথিপত্র যথাযথভাবে সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। জাতীয় আরকাইভস্ আইন, ১৯৮৩-এর ৯(২)(ডি) ধারা এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর নির্দেশ ৯৬-তে তাঁদের আওতাধীন রেকর্ড রুম/কার্যালয় থেকে ২৫ বছরের অধিক সময়ের পুরাতন ঐতিহাসিক গুরুত্বপূর্ণ নথিপত্র, দলিল-দস্তাবেজ, দুস্তাপ্য ছবি, পোস্টার, ম্যাপ ইত্যাদি এবং ব্যক্তিপর্যায়ে থাকা আরকাইভস্ উপকরণসমূহ সংগ্রহ করে দীর্ঘ মেয়াদে সংরক্ষণের জন্য আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৫.০২.২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৫.১৪-৬৩ নম্বর স্মারকে তাঁকে ইতিপূর্বে অনুরোধ জানানো হয়েছে (ছায়ািলিপি সংযুক্ত)। কিন্তু উপর্যুক্ত বিষয়ের অগ্রগতি সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগ অবহিত নন। জাতির ভবিষ্যৎ ইতিহাস বিনির্মাণে উপর্যুক্ত দলিলপত্রাদি সংরক্ষণে আরও যত্নবান হওয়া আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, তাঁর কার্যালয়ে সংরক্ষিত রেকর্ড রুমের উন্নয়ন ও সংস্কার করে উল্লিখিত শ্রেণির নথিসমূহ আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে নিয়মিতভাবে প্রেরণপূর্বক গৃহীত কার্যক্রম সম্পর্কে ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে তিন পৃষ্ঠা।

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগ)
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৩৮৩৩

১। বিভাগীয় কমিশনার
------(সকল)।

২। জেলা প্রশাসক
------(সকল)।

অনুলিপি:

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, জাতীয় আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩। সভাপতি, বাংলাদেশ আরকাইভস্ এন্ড রেকর্ডস ম্যানেজমেন্ট সোসাইটি (বারম্‌স)।